দৈনিক
ইনকিলাব

AUG. 09 2006
পৃষ্ঠা 2 কলাম 2

### শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ১ মাসের আল্টিমেটাম

# ছয় দফা শিক্ষা এজেন্ডা বাস্তবায় না হলে সেপ্টেম্বরে তালা ঝুলবে

ইনকিলাব রিপোর্ট

শতভাগ বেতন দানের ঘোষণার প্রেক্ষিতে শিক্ষক-কর্মচারী ধর্মঘট আপাতত স্থগিত রেখে স্কুল-কলেজ মাদ্রাসায় ক্লাস চালুর সিদ্ধান্ত নিলেও শিক্ষামন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক আগামী এক মাসের মধ্যে '৬ দফা শিক্ষা এজেন্ডা' বাস্তবায়নে ব্যত্যয় ঘটলে ১০ সেপ্টেম্বর থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে তালা লাগিয়ে তীব্র আন্দোলন কর্মসূচী পালনের হুমকি দিয়েছে বেসরকারী শিক্ষক কর্মচারীদের বৃহৎ মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্যজোট।

মাসব্যাপী বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট অতঃপর ঐক্যজোটের অবস্থান ব্যাখ্যা করতে গতকাল (মঙ্গলবার) রাজধানীর একটি রেস্তরাঁয় আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলা হয়েছে। ঐক্যজোট সভাপতি প্রফেসর এম শরীফুল ইসলাম সংবাদ সম্মেলনে বলেন, শতভাগ বেতনের সাথে কোন শর্ত অবস্থাতেই শিক্ষক সমাজ মেনে নেবে না। প্রতিশ্রুতি মোতা শর্তহীনভাবে গত পহেলা জুলাই থেকে শতভাগ বেতন ছাড় ব ব্যবস্থা করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের আয় সরকার নিতে চা শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাসহ প্রতিষ্ঠানের সকল ব্যয় সরকারকে বহন করতে হবে।

জনাব শরীফুল ইসলাম বলেন, এবারে আমাদের মাসব আন্দোলনের গতিধারায় শিক্ষক নামধারী একটি প্রতারক চ অনুপ্রবেশ ঘটেছিল। ওই চক্রটির শিক্ষক-কর্মচারীদের লক্ষ্য অ প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। শিক্ষামন্ত্রী কর্তৃক পরিচালিত এই চ দিনে শ্রমিক নেতার এবং রাতে নিশিকন্যার ভূমিকায় অবতীর্ণ বিভিন্নভাবে আন্দোলন বানচালের চক্রান্ত করেছে। যা আজ শিক্ষক সমাজের কাছে

২-এর পৃঃ ৮-এর কঃ দে

## সেপ্টেম্বরে তালা ঝুলবে

প্রথম পৃষ্ঠার পর

দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে গেছে।

এক প্রশ্নের জবাবে জোটের অন্যতম নেতা প্রিন্সিপাল মুহাম্মদ মাজহারুল হান্নান বলেন, শিক্ষামন্ত্রী ৬ জুলাই স্বেচ্ছায় কেন্দ্রীয় শহীদ মিনারে আমাদের সমাবেশে উপস্থিত হয়ে যে ঘোষণা দিয়েছিলেন তাতে প্রতিষ্ঠানের আয় সরকারকে ফেরত দিতে হবে এমন কোন কথা ছিল না। ১ জুলাই থেকে শতভাগ বেতন কার্যকর হবে এবং ৬ দফা শিক্ষা এজেন্ডার বাকি দাবীগুলো আগামী এক মাসের মধ্যে বাস্তবায়ন করার প্রতিশ্রুতি দিয়েছেন। যার প্রেক্ষিতে আমরাকে মাসের জন্য ধর্মঘট স্থগিত করে বাকি দাবীগুলো পূরণে সরকারকে একমাস সময় দিয়েছি মাত্র। তবে আমাদের আন্দোলন যথারিতি চলছে এবং চলবে। নির্ধারিত সময়ের মধ্যে দাবী পূরণ না হলে কিংবা শিক্ষামন্ত্রীর প্রতিশ্রুতি নিয়ে কোন টালবাহানা হলে ১০ সেপ্টেম্বর থেকে প্রতিষ্ঠানে তালা লাগিয়ে কর্মসূচী পালনে ৯ সেপ্টেম্বর বিকাল সাড়ে ৩টায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে জোটভুক্ত শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দের দিক-নির্দেশনামূলক সভা অনুষ্ঠিত হবে। এর আগে ৬টি বিভাগীয় শহরে এবং বৃহত্তর জেলাগুলোতে জোটের কেন্দ্রীয় নেতারা স্থানীয় পর্যায়ে নেতাদের সাথে মতবিনিময় করে কঠোর কর্মসূচী চূড়ান্ত করবে।

এ সংবাদ সম্মেলনে ঐক্যজোটের অন্যান্য নেতাদের মধ্যে মুহাম্মদ জাহাঙ্গীর খান, আলহাজ্ব নজরুল ইসলাম, প্রিন্সিপাল ইসহাক হোসেন, প্রিন্সিপাল হারুনুর রশীদ পাঠান, প্রিন্সিপাল রফিকা আফরোজ, অধ্যাপক লিয়াকত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।